সমকাল

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঐতিহ্য বই উৎসব শুরু

সমকাল প্রতিবেদক

সৃজনশীল প্রকাশনা সংস্থা ঐতিহ্য পূর্ণ করেছে ১৭ বছর। ঐতিহ্য পাঠকদের জন্য সুনির্বাচিত বই প্রকাশের পাশাপাশি বই সহজলভ্য ও বিশেষ মূল্যছাড়ে পাঠকদের হাতে পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রতি বছরই আয়োজন করে আসছে বই উৎসব। রাজধানীর শাহবাগে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের সেমিনার কক্ষে (দ্বিতীয় তলা) গতকাল মঙ্গলবার শুরু হয়েছে পাঁচ দিনের বিশেষ মূল্যছাড়ের 'ঐতিহ্য বর্ষশেষ বই উৎসব-২০১৭'।

উৎসব প্রসঙ্গে ঐতিহ্যের প্রধান নির্বাহী ও স্বত্বাধিকারী আরিফুর রহমান নাইম জানান, তাদের সংস্থা থেকে প্রকাশিত সহস্রাধিক বই থেকে কাব্যগ্রন্থ ৫০ শতাংশ ছাড়ে, উপন্যাস ও গল্পগ্রন্থ ৪৫ শতাংশ ছাড়ে ও রচনাবলি ছাড়া অন্যান্য বই ৪০ শতাংশ ছাড়ে 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে 'মজুদ থাকা সাপেক্ষে' কেনা যাবে। এর পাশাপাশি রবীন্দ্র গবেষক সৈয়দ আকরম হোসেন সম্পাদিত ২২ হাজার পৃষ্ঠার ঐতিহ্য ৩০ খণ্ড রবীন্দ্র-রচনাবলি কেনা যাবে ১৮ হাজার ৯৯৯ টাকায়। ৬ খণ্ড ঐতিহ্য জীবনানন্দ-রচনাবলি ৩ হাজার ৯৯৯ টাকা। ৫ খণ্ড ঐতিহ্য শরৎ-রচনাবলি ২ হাজার ৪৯৯ টাকা। মুক্তিযুদ্ধের পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## ঐতিহ্য বই

[তৃতীয় পৃষ্ঠার পর]

প্রামাণ্যগ্রন্থ 'জয় বাংলা' ১ হাজার ৬৯৯ টাকায় কেনা যাবে। উৎসবে ১০ খণ্ড ঐতিহ্য বিভূতিভূষণ-রচনাবলির বুকিং দেওয়া যাবে। আগে কিনি, দামে জিতি কার্যক্রমের আওতায় ১২ হাজার ২০০ টাকা মূল্যের ১০ খণ্ড বিভূতিভূষণ-রচনাবলি উৎসবে বুকিং দিলে পাওয়া যাবে ৪ হাজার ৭০০ টাকায়। উৎসবের ৫ দিন ২ হাজার ৫০০ টাকা প্রদান করে, ফেব্রুয়ারি ২০১৮-তে বাকি ২ হাজার টাকা প্রদান করে পাঠকরা বুঝে নিতে পারবেন এই রচনাবলি।

উৎসব চলবে ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে রাত সাড়ে ৮টা।